Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

অধ্যায় ॥ ১৬

আপনাকে এবং আমাকে

১৯৯০-এর দশকে Yahoo ডটকমে বিনিয়োগ করা, কিংবা ইয়াহু কোম্পানির শেয়ার ক্রয় করা পাগলামি হিসেবে গণ্য করা হতো। অনেক বিনিয়োগকারী যারা ইয়াহু কোম্পানির শেয়ার ক্রয় করতেন, তাদের নিয়ে উপহাস করা হতো। কারণ, এর রিটার্ন পরিমাণ কম ছিল। কিন্তু বর্তমান দৃশ্যটি সম্পূর্ণ বিপরীত।

পূর্বে এর শেয়ার মূল্য ছিল $ ৫০০ ডলার, বর্তমানে প্রায় ১০০ গুণ বেড়েছে। মূল্যের এমন পরিবর্তন বছরের পর বছর ধরে হয়েছে। ফাইন্যান্সের একটি নিয়ম হলো এই যে, অর্থের পিছনে ছুটলে, তা যতোটা সম্ভব ফেরত আসে। যদি একটি বিনিয়োগকৃত সম্পদের গতি থাকে—এটি একটি নির্দিষ্ট সময়ের ব্যবধানে ধারাবাহিকভাবে-এর মূল্য উপরে চলে উঠে যাবে।।

মোমেন্টাম মুনাফার অফার একটি যুক্তিসংগত উপায়ে স্বল্পমেয়াদি ব্যবসায়ীদের আকর্ষণ করে। তারপর, কিছুদিনের মাথায় এর রেস বন্ধ হয়ে যায়। যখন স্বল্পমেয়াদি রিটার্নের গতি যথেষ্ট বৃদ্ধি পায়, তখন বিনিয়োগকারীরা দীর্ঘমেয়াদি বিনিয়োগ থেকে বেশিরভাগ স্বল্পমেয়াদি বিনিয়োগে স্থানান্তরিত হয়। যেহেতু ব্যবসায়ীদের স্বল্পমেয়াদি আয় বৃদ্ধি পায়, সেহেতু ব্যবসায়ীরা আরো বেশি আকর্ষণবোধ করে।।

১৯৯৯ সালে মিউচুয়াল ফান্ডের বার্ষিক গড় টার্নওভার ছিল ১২০%, পরবর্তীতে যখন এই রেট কমে যায়, তখন ব্যক্তিগত

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

বিনিয়োগকারীরা যারা মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ করতেন, তারা বিনিয়োগে অনীহা প্রকাশ করেন। অর্থনৈতিক সংকটেও যারা শেয়ার মার্কেটে বিনিয়োগ করেন, আপনি তাদের দায়িত্বজ্ঞানহীন বলতে পারেন। বিশাল ঝুঁকি নিতে তাদের ইচ্ছার উপর আপনি মাথা নাড়তে পারেন। কিন্তু আমি মনে করি না যে, আপনি তাদের সবাইকে অযৌক্তিক বলতে পারেন। দীর্ঘমেয়াদি বিনিয়োগে অযৌক্তিকভাবে অংশগ্রহণকারীরা ক্ষতিগ্রস্ত হলেও তাদের বিকল্প ব্যবস্থা থাকে।

ইতিহাসবিদ ডেইড্রে ম্যাকক্লোস্কি দাবি করেন যে—আশাবাদ পোষণ করা বেশিরভাগ মানুষের জন্য সেরা বাজি, কারণ বিশ্বের বেশিরভাগ মানুষের জন্য বেশিরভাগ সময় ভালো দৃষ্টিভঙ্গি পোষণ করা প্রায়ই অসম্ভব। মানুষেরা এমন কথা শুনতে পছন্দ করে যে, পৃথিবী নরকে যাচ্ছে ।'

ইতিহাসবিদ ডেইড্রে ম্যাকক্লোস্কি।।

তবে, হতাশাবাদ আমাদের হৃদয়ে একটি বিশেষ স্থান অর্জন করেছে। হতাশাবাদ আশাবাদের চেয়ে বেশি কমন নয়। এটি বুদ্ধিবৃত্তিকভাবে চিত্তাকর্ষক—এর ফলে যে কোনো বিনিয়োগের ঝুঁকির উপর বেশি মনোযোগ দেওয়া হয়। আমরা আরো এগিয়ে যাওয়ার আগে আমাদের সংজ্ঞায়িত করা উচিত যে, আশাবাদ কী? সত্যিকারের আশাবাদীরা বিশ্বাস করেন না যে, সবকিছু দুর্দান্ত হবে। এটাই আত্মতুষ্টি।

আশাবাদ হলো এমন একটি বিশ্বাস যে, একটি ভালো ফলাফল সময়ের সাথে সাথে আপনার পক্ষে থাকবে, এমনকি যখন পথের ধারে বিপত্তি দেখা দেয়, তারপরও। সকালে ঘুম থেকে উঠে যেকোনো বিষয়ে নেতিবাচক চিন্তা না করে, কিছুটা ভালো এবং উৎপাদনশীল চিন্তা করার চেষ্টা করাই হলো আশাবাদের মূল ভিত্তি। এটা জটিল নয়। এটি নিশ্চিতও নয়। এটি বেশিরভাগ মানুষের জন্য সবচেয়ে যুক্তিসংগত বাজি, বেশিরভাগ সময়ে নয়। প্রয়াত পরিসংখ্যানবিদ হ্যান্স রোজলিং

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

বিষয়টিকে ভিন্নভাবে বর্ণনা করেছেন: 'আমি আশাবাদী নই। আমি খুব গুরুতর সম্ভাবনাবাদী।' ২৯ ডিসেম্বর, ২০০৮।

আধুনিক ইতিহাসে অর্থনীতির সবচেয়ে খারাপ বছর অপেক্ষা করছে। বিশ্বের শেয়ারবাজারে ধস নেমেছে। বিশ্বব্যাপী আর্থিক ব্যবস্থা দৈনন্দিন জীবন সমর্থনের উপর নির্ভর হয়ে গেছে। বেকারত্ব বাড়ছে।

বিখ্যাত সাহিত্যিক জে ওরনাল (একজন রুশ লেখক) লিখেছেন:

২০১০-এর শেষের দিকে, মার্কিন যুক্তরাষ্ট্র ছয় টুকরো হয়ে যাবেআলাস্কা রাশিয়ার নিয়ন্ত্রণে ফিরে যাবে। ক্যালিফোর্নিয়া নিউক্লিয়াস শক্তি গঠন করবে, যাকে তিনি ক্যালিফোর্নিয়া প্রজাতন্ত্র হিসেবে অখ্যায়িত করেছেন, চীনের অংশ চীনা প্রভাবাধীনে থাকবে। টেক্সাস হবে 'দ্য টেক্সাস রিপাবলিক'-এর প্রাণকেন্দ্র হবে মেক্সিকো ওয়াশিংটন, ডিসি এবং নিউইয়র্ক শহর আটলান্টিক আমেরিকা' এর অংশ হবে, যা ইউরোপীয় ইউনিয়নে যোগ দিবে। কানাডা উত্তর রাজ্যের একটি গ্রুপ দখল করবে, যাকে অধ্যাপক প্যানারিন (একজন রুশ লেখক) দ্য সেন্ট্রাল নর্থ আমেরিকান রিপাবলিক হিসেবে আখ্যায়িত করেছেন। হাওয়াই, তিনি পরামর্শ দেন, জাপান কিংবা চীনের একটি সংরক্ষিত অঞ্চল হবে এবং আলাস্কা রাশিয়ার অন্তর্ভুক্ত হবে। লেখকের এমন দাবি কল্পনাতীত;, মোটেও বাস্তবসম্মত নয়।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

অধ্যায় ॥ ১৭

হতাশাবাদের প্রলোভন

নৈরাশ্যবাদের আদলে একটি গল্প তৈরি করা অনেক সহজ, কারণ গল্পের অংশগুলোকে আরো নতুন এবং সাম্প্রতিক করে তোলা অনেক সহজ কাজ। কিন্তু আশাবাদীদের আদলে একটি গল্প তৈরি করা সহজ নয়। যেমন মেডিকেল চিকিৎসা ব্যবস্থার অগ্রগতির কথা বিবেচনা করুন। গত বছরের দিকে তাকালে দেখবেন, বর্তমানে এই খাতে আরো কিছুটা অগ্রগতি হয়েছে। আবার, এই খাতটি কোনো এক দশকে বেশি ভালো করবে না। কিন্তু গত ৫০ বছরের দিকে তাকালে, অসাধারণ কিছু দেখা যাবে। উদাহরণস্বরূপ, ন্যাশনাল ইনস্টিটিউট অফ হেলথের মতে, ১৯৬৫ সাল থেকে হৃদরোগে মৃত্যুর হার ৭০%-এরও বেশি কমেছে। কিন্তু যেহেতু মেডিকেল খাতের এই অগ্রগতি খুব ধীরগতিতে ঘটেছে; তাই সন্ত্রাসবাদ, বিমান দুর্ঘটনা কিংবা প্রাকৃতিক দুর্যোগের মতো দ্রুত, আকস্মিক মৃত্যু হারের তুলনায় এটি কম মনোযোগ আকর্ষণ করেছে। আমরা প্রতি সপ্তাহে পাঁচবার হারিকেন ক্যাটরিনার মতো দুর্যোগের মুখোমুখি হই কল্পনা করুন যে, এমন পরিস্থিতে মেডিকেল খাতের ধীরগতিসম্পন্ন উন্নয়ন কতোটা মনোযোগ পাবে?

এই একই ঘটনা ব্যবসার ক্ষেত্রেও প্রযোজ্য, যেখানে একটি পণ্য কিংবা কোম্পানি কতোটা অগ্রগতি অর্জন করেছে, তা বুঝতে কয়েক বছর সময় লাগে; কিন্তু ব্যর্থতা রাতারাতি ঘটতে পারে। স্টক মার্কেটে,

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

যেখানে একটি শেয়ারের দাম রাতারাতি ৪০% কমে যেতে পারে, সেখানে একর ১৪০% মূল্য বৃদ্ধি পেতে প্রায় ছয় বছর কেটে যাবে। কর্মজীবনে যেখানে খ্যাতি অর্জন করতে সারাজীবন লাগে, সেখানে এমন খ্যাতি ধ্বংস হতে মাত্র একটি ইমেল কেলেংকারিই যথেষ্ট। এই বইটিতে পূর্বে বর্ণনা করা একটি গুরুত্বপূর্ণ বিষয়কে আবারও বর্ণনা করছি: বিনিয়োগের ক্ষেত্রে আপনাকে অবশ্যই মুনাফা লাভের সম্ভব্য মাত্রা চিহ্নিত করতে হবে-প্রবৃদ্ধির দীর্ঘ পটভূমির মধ্যে অস্থিরতা এবং ক্ষতির বিষয়টি বিবেচনা করতে হবে।

২০০৪ সালে নিউইয়র্ক টাইমস পত্রিকায় স্টিফেন হকিং-এর সাক্ষাৎকার নেওয়া হয় তিনি সেই বিজ্ঞানী, যার নিরাময় অযোগ্য মোটর নিউরন রোগের কারণে তিনি ২১ বছর বয়সে পক্ষাঘাতগ্রস্ত হয়ে পড়েন এবং কথা বলতে অক্ষম হন। তার কম্পিউটারের মাধ্যমে, হকিং বললেন যে, তিনি সাধারণ মানুষের কাছে বই বিক্রি করতে অনেক আগ্রহী ছিলেন। আপনি কি সবসময় এমন প্রফুল্লতা অনুভব করে? টাইমসের জিজ্ঞাসা? আমার প্রত্যাশা এখন শূন্যে নেমে গেছে।

মনে করুন, একটি এলিয়েনকে পৃথিবী গ্রহে পাঠানো হলো। তার কাজ হলো, আমাদের অর্থনীতির ওপর নজর রাখা। সে নিউইয়র্ক সিটির উপর পাখির মতো চক্কর দেয়, অর্থনীতির আকার বোঝার চেষ্টা করে এবং ২০০৭-২০০৯ অর্থবছরের মধ্যকার পরিবর্তন বোঝার চেষ্টা

করে।

২০০৭ সালের নববর্ষের প্রাক্কালে সে টাইমস স্কোয়ারে ঘুরে বেড়ায়। সে চারদিকে উজ্জ্বল আলো, বিশাল বিলবোর্ড, আতশবাজি এবং টিভি ক্যামেরায় বেষ্টিত হাজার হাজার আনন্দিত পার্টিগামীদের দেখে। আবারও সে ২০০৯ সালের নববর্ষের প্রাক্কালে টাইমস স্কোয়ারে ফিরে আসে। সে দেখতে পায়, হাজার হাজার আনন্দিত পার্টির লোকজন, চারদিকে উজ্জ্বল আলো, বিশাল বিলবোর্ড, আতশবাজি এবং টিভি ক্যামেরাম্যান। দৃশ্যগুলো প্রায় একই থেকে যায়। সে খুব একটা পার্থক্য

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

দেখতে পায় না। সে প্রায় একই সংখ্যক নিউইয়র্কবাসীকে শহরের চারপাশে হাসাহাসি করতে দেখে। সেই ব্যক্তিদের একই সংখ্যক অফিস বিল্ডিং রয়েছে, যেখানে একই সংখ্যক কম্পিউটার, একই সংখ্যক ডেস্ক, একই সংখ্যক ইন্টারনেট কানেকশন রয়েছে।

শহরের বাইরে সে একই সংখ্যক কারখানা এবং গুদাম দেখতে পায়, একই মহাসড়ক, একইসংখ্যক ট্রাক। সে একটু কাছে গিয়ে দেখে যে একই বিশ্ববিদ্যালয়গুলো একই বিষয়গুলো শেখায় এবং একইসংখ্যক শিক্ষার্থীদেরকে একই ডিগ্রি প্রদান করে। সে একই সংখ্যক পেটেন্টে একই যুগান্তরকারী ধারণার সংরক্ষণ করতে দেখে। সে লক্ষ করে যে, কেবলমাত্র প্রযুক্তি খাত উন্নত হয়েছে; এমন পরিস্থিতিতে আপনি বলুন, আমেরিকার অর্থনীতিতে কী উন্নয়ন হয়েছে, নাকি অর্থনীতি স্থির অবস্থানে রয়ে গেছে।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

অধ্যায় ॥ ১৮

যখন আপনি যেকোনো কিছু বিশ্বাস করবেন

২০০৯ সালের পর থেকে প্রত্যেকেই এখন স্মার্টফোন বহন করে, যা ২০০৭ সালে ছিল না। কম্পিউটার এখন সব অফিসেই পাওয়া যায়। সোলার এবং ফ্র্যাকিং প্রযুক্তি উন্নত হয়েছে। সোশ্যাল মিডিয়ার ব্যবহার দ্রুত বৃদ্ধি পেয়েছে। কিন্তু বিখ্যাত লেখক গ্রাহাম তার উপসংহারে বলেন, ২০০৯ সালেও আমেরিকার অর্থনীতি প্রায় একই রয়ে গেছে, সম্ভবত অতীতে আরো ভালো ছিল। তারপর তিনি বেকারত্বের হার দেখেন। তিনি হতবাক যে, ২০০৭ সালের তুলনায় ২০০৯ সালে মার্কিন বেকারত্বের হার অনেক বেশি। তিনি হতবাক যে, আরো ১০ মিলিয়ন আমেরিকান বেকার হতে চলেছে। তিনি বিশ্বাস করতে পারেন না যখন তিনি জানতে পারেন যে, স্টক মার্কেটের মূল্য গত দুই বছর আগে যা ছিল, বর্তমানে তার অর্ধেক কমে গেছে। তিনি বিশ্বাস করতে পারেন না। যে, তাদের অর্থনৈতিক সম্ভাবনা সম্পর্কে সমস্ত পূর্বাভাস ব্যর্থ হয়েছে। 'আমি এমনটি প্রত্যাশা করিনি, তিনি নিজে নিজে বললেন। আমি আমেরিকার শহরগুলোকে এমন দেখিনি।

আমি কারখানাগুলো দেখেছি। আপনি বলছেন, একই জ্ঞান, একই সরঞ্জাম, একই ধারণা বিদ্যমান। কিছুই পরিবর্তিত হয়নি! তাহলে আপনি কেন গরিব? আপনি কেন বেশি হতাশাগ্রস্ত? ২০০৭ সাল এবং ২০০৯ সালের মধ্যে আমেরিকার অর্থনীতিতে বিপুল পরিবর্তন এসেছে: অর্থনীতি সম্পর্কে আমরা নিজেদেরকে যে গল্পগুলো বলেছিলাম, তা মিথ্যে হলো ।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

১. ২০০৭ সালে আমরা আবাসন মূল্যের স্থিতিশীলতা, ব্যাংকারদের বিচক্ষণতা এবং সঠিকভাবে মূল্য নির্ধারণে আর্থিক বাজারের সক্ষমতা সম্পর্কে একটি গল্প বলেছিলাম। ২০০৯ সালে আমরা সেই গল্পটি বিশ্বাস করা বন্ধ করে দিয়েছিলাম। এটিই একমাত্র জিনিস যা পরিবর্তিত হয়েছে। বাড়ির দাম বাড়তে থাকবে, এমন প্রত্যাশা মিথ্যে প্রমাণিত হলো, বন্ধকী ঋন খেলাপি বেড়ে গেল, তারপর ব্যাংকগুলো অর্থ হারিয়ে দেউলিয়া হয়ে গেল, তারপর ব্যাংক অন্যান্য ব্যবসায় ঋণ দেওয়া কমিয়ে দিল; ফলে কোম্পানিতে শ্রমিক ছাঁটাই শুরু হলো, এভাবেই অর্থনৈতিক সংকট চলতে থাকে। তারপর, ৮০ বছরের মধ্যে আমেরিকার অর্থনীতি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এটি ১৯৪৫ সালে জার্মানির সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয় থেকেও বেশি কিছু যারা আমেরিকার উৎপাদন ব্যবস্থা ধ্বংস করে দেয়।

২০০৯ সালে আমরা সবচেয়ে বেশি অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হয়েছি। এটি বিদ্যমান সবচেয়ে শক্তিশালী অর্থনৈতিক বিপর্যয়ের মধ্যে একটি। যখন আমরা অর্থনীতি, ব্যবসা, বিনিয়োগ এবং কেরিয়ারের প্রবৃদ্ধি সম্পর্কে চিন্তা করি, তখন আমরা বাস্তব জিনিসগুলো সম্পর্কে চিন্তা করি—আমাদের কতোটা সম্পদ আছে এবং আমরা কী করতে সক্ষম?

২. প্রত্যেকেরই বিশ্বের প্রতি একটি অসম্পূর্ণ দৃষ্টিভঙ্গি রয়েছে। কিন্তু আমরা আমাদের জ্ঞানের শূন্যস্থান পূরণ করার জন্য বিশ্ব সম্পর্কে সম্পূর্ণ দৃষ্টিভঙ্গি রয়েছে মর্মে দাবি করি। আমি বইটি যখন লিখছি, তখন আমার মেয়ের বয়স প্রায় এক বছর। সে সবকিছু সম্পর্কে অনেক কৌতূহলী এবং সে খুব দ্রুত শিখছে। কিন্তু মাঝে মাঝে আমি এমন সব জিনিস নিয়ে ভাবি, যা সে বুঝতে পারে না।

তার কোনো ধারণা নেই, কেন তার বাবা প্রতিদিন সকালে কাজে যায়? বিল, বাজেট, ক্যারিয়ার, পদোন্নতি এবং অবসরের জন্য সঞ্চয়ের ধারণা তার কাছে সম্পূর্ণ অজানা। তার কাছে ফেডারেল রিজার্ভ, ক্রেডিট ডেরিভেটিভস কিংবা NAFTA ব্যাখ্যা করার কথা ভাবুন।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

তাকে এসব বোঝানো প্রায় অসম্ভব। কিন্তু তার পৃথিবী অন্ধকার আচ্ছন্ন নয়। সে বিভ্রান্তিতে ঘুরে বেড়ায় না। এমনকি এক বছর বয়সেও, সে কীভাবে সবকিছু কাজ করে, তানিজের অভ্যন্তরীণ অনুভব দিয়ে বর্ণনা করে। কম্বল তাকে উষ্ণ রাখে, মায়ের স্নেহ তাকে নিরাপদ রাখে এবং খেজুরের স্বাদ তার ভালো লাগে। সে যা কিছু দেখেছে, তা তার শেখার প্রক্রিয়া কয়েক ডজন মানসিক মডেলের একটিতে প্রযোজ্য হতে পারে। আমি যখন কাজ করতে যাই, তখন সে ভাবে না, বেতন এবং বিল কী? তার পরিস্থিতির একটি স্ফটিক স্পষ্ট ব্যাখ্যা রয়েছে: বাবা আমার সাথে খেলছেন না এবং আমি চেয়েছিলাম যে, সে আমার সাথে খেলুক, তাই আমি দুঃখ অনুভব করছি।

যদিও সে খুব কম জানে, কিন্তু তার কম জানার বিষয়টি সে উপলব্ধি করে না, কারণ সে যে সামান্য কিছু জানে, তার উপর ভিত্তি করে কী ঘটছে, সে সম্পর্কে সে নিজেকে একটি সুসংগত গল্প বলে। আমরা সবাই, আমাদের বয়স যাই হোক না কেন, নির্বিশেষে, একই জিনিস করি। ঠিক আমার মেয়ের মতো, আমি যা জানি না, তা আমি জানি না।

তাই আমি আমার হাতে থাকা সীমিত মানসিক মডেলগুলোর মাধ্যমে বিশ্ব অর্থনীতিকে ব্যাখ্যা করার মতোই সংবেদনশীল। তার মতো, আমি যা কিছু পেয়েছি, তার মধ্যে আমি সবচেয়ে বোধগম্য কারণগুলোর সন্ধান করি। তার মতো, আমার অনেক ধারণা ভুল হতে পারে, কারণ আমি যতটা ভাবি, তার চেয়ে পৃথিবী যেভাবে কাজ করে, সে সম্পর্কে আমি অনেক কম জানি। এটি চিরন্তন সত্য। ইতিহাস থেকে শিক্ষা নিন। এটি ইতোমধ্যে পৃথিবীতে ঘটে যাওয়া ঘটনাগুলোর পুনঃগণনা মাত্র। কিন্তু বি. এইচ, লিডেল হার্ট লিখেছেন, আমরা ইতিহাস থেকে শিখি না? [ইতিহাস] কল্পনা এবং অন্তদৃষ্টির সাহায্য ছাড়া ব্যাখ্যা করা যায় না।

প্রমাণের নিছক পরিমাণ এতোই অপ্রতিরোধ্য যে, নির্বাচন অনিবার্য। যেখানে নির্বাচন আছে, সেখানে শিল্প আছে। যারা ইতিহাস

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

পড়েন, তারা এমন বিষয়গুলোর খোঁজ করেন, যা তাদের কাছে সঠিক বলে মনে হয় এবং তারা তাদের ব্যক্তিগত মতামত নিশ্চিত করতে চায়। তারা ইতিহাসভিত্তিক ঘটনার আনুগত্য করে। তারা যেকোনো বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য কিংবা কোনো ধারণাকে কাউন্টার করার উদ্দেশ্য নিয়ে বই পড়ে। তারা অসুবিধাজনক সত্যকে প্রতিরোধ করে, যেহেতু প্রত্যেকেই ফেরেশতাদের পাশে থাকতে চায়। ঠিক যেমন আমরা যুদ্ধ শুরু করি, সব যুদ্ধ শেষ করার জন্য। ড্যানিয়েল কাহনেম্যান একবার আমাকে সেই গল্পগুলো সম্পর্কে বললেন, যা মানুষ অতীতকে বোঝানোর জন্য বলে থাকেন। তিনি বলেছেন: পশ্চাদৃষ্টি, অতীত ব্যাখ্যা করার সক্ষমতা, আমাদের এই বিভ্রম তৈরি করে যে, বিশ্ব আমাদের বোধগম্য নয়। এটি আমাদের মধ্যে বিভ্রম তৈরি করে যে, পৃথিবী অর্থবোধ এবং জটিল একটি গ্রহ।

বেশিরভাগ মানুষ, যখন তারা বুঝতে পারে না, এমন কিছুর মুখোমুখি হয়, তখন তারা বুঝতে পারে না যে, তারা এটি বুঝতে পারে না, কারণ তারা এমন একটি ব্যাখ্যা নিয়ে আসতে সক্ষম হয়, যা তাদের নিজস্ব অনন্য দৃষ্টিভঙ্গি এবং বিশ্বের অভিজ্ঞতার উপর ভিত্তি করে বোঝা যায়, যদিও তাদের এমন অভিজ্ঞতা সীমিত হয়। আমরা সকলেই চাই যে, আমরা যেই জটিল বিশ্বে বসবাস করি, তা বোঝা সহজ হোক। তাই অন্ধ জ্ঞানের শূন্যস্থান পূরণ করতে আমরা নিজেদেরকে মিথ্যে গল্প বলি। এই গল্পগুলো আমাদেরকে আর্থিকভাবে যে অবস্থায় পরিণত করে, তা আকর্ষণীয় এবং ভয়ংকর উভয়ই হতে পারে। আমি যখন অর্থনৈতিক বিশ্ব কীভাবে কাজ করি, সে বিষয়ে জ্ঞানের দিক থেকে অন্ধ হয়ে যাই, তখন আমি সম্পূর্ণরূপে ভুল বুঝতে পারি যে, কেন স্টক মার্কেট এমন আচরণ করছে।

স্টক মার্কেট এবং অর্থনীতির ভবিষ্যদ্বাণী করার কারণগুলোর মধ্যে একটি কারণ হলো, আপনি বিশ্বের একমাত্র ব্যক্তি, যিনি মনে করেন যে, বিশ্ব আপনার মতো করে পরিচালিত হয়। আপনি যখন এমন

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

কারণে সিদ্ধান্ত নেন যে, কারণগুলো আমি বুঝতে পারি না, তখন আমি আপনাকে অন্ধভাবে এমন একটি সিদ্ধান্তে অনুসরণ করতে পারি, যা আপনার পক্ষে সঠিক কিন্তু আমার জন্য বিপর্যয়কর।

যেমনটি আমরা ১৬তম অধ্যায়ে দেখেছি, কীভাবে অর্থনীতিতে সংকট তৈরি হয়? আপনি যে বিষয়ে জানেন না, সে বিষয়ে শর্তে আসা মানে আপনি অন্ধ হয়ে চুক্তিতে সম্মত হচ্ছেন।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

অধ্যায় ॥ ১৯

এখনই সব একসাথে উদ্যোগ নিন এবং শুরু করুন

অভিনন্দন, আপনি এখনো বইটি পড়ছেন।

আমরা পূর্বের অধ্যায়গুলোতে অনেকগুলো গুরুত্বপূর্ণ অর্থনৈতিক বিষয়ে শিক্ষা লাভ করেছি। এই অধ্যায়ে সারাংশ এবং সংক্ষিপ্ত আকারে কয়েকটি পাঠ তুলে ধরা হবে, যা আপনাকে আরো ভালো অর্থনৈতিক সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে।

প্রথমে, আমি আপনাকে একটি ডেন্টিস্ট অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে একটি গল্প বলি, যা ভয়ানকভাবে বিভ্রান্তিকর ছিল। আপনার অর্থকে কীভাবে ব্যবহার করা যায়, সে সম্পর্কে এখানে কিছু গুরুত্বপূর্ণ শিক্ষাণীয় বিষয় তুলে ধরা হয়েছে। ক্লারেন্স হিউজ নামক একজন রোগী ১৯৩১ সালে একজন ডেন্টিস্টের কাছে যান। ডেন্টিস্ট তার ব্যথা কমানোর জন্য তাকে অপরিশোধিত অ্যানেস্থেসিয়া ইনজেকশন দেন।

ক্লারেন্স যখন কয়েক ঘণ্টা পর ঘুম থেকে জেগে উঠেন, তখন তিনি দেখেন যে, তার মাড়ির ১৬টি দাঁত নেই এবং তার টনসিলগুলো কেটে ফেলা হয়েছে। তারপরের কোনো কিছুই তার মনে নেই। অস্ত্রোপচার জটিলতার ফলে ক্লারেন্স এক সপ্তাহ পর মারা যান। ফলে তার স্ত্রী ডেন্টিস্টের বিরুদ্ধে মামলা করেন, কিন্তু মামলাটি করা হয় অস্ত্রোপচারে ত্রুটির কারণে নয়, এমন অস্ত্রোপচারে তার সম্মতি নেওয়া হয়নি। ১৯৩১ সাল পর্যন্ত প্রতিটি অস্ত্রোপচারে মৃত্যুর ঝুঁকি ছিল।

১৯৩১ সালে মামলাটির আগ পর্যন্ত ডাক্তার এবং রোগীর মধ্যে সম্মতি সাদা-কালো-স্ট্যাম্পের মাধ্যমে গ্রহণ করা হতো না। আদালত

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

এই ধারণা পোষণ করে যে, ডাক্তারদের সর্বোত্তম চিকিৎসা নিশ্চিতকরণে সিদ্ধান্ত নেওয়ার জন্য স্বাধীনতা প্রয়োজন: এমন স্বাধীনতা ব্যতীত আমরা মেডিকেল বিজ্ঞানে অগ্রগতি অর্জন করতে পারতাম না। ইতিহাসের বেশিরভাগ সময়ব্যাপী ওষুধ ব্যবহারের নীতি ছিল এমন যে, ডাক্তারের কাজ হচ্ছে রোগীকে চিকিৎসা করা এবং রোগী ডাক্তারের চিকিত্সা পদ্ধতি সম্পর্কে কী ভাবছেন, তা প্রাসঙ্গিক ছিল না।

ডক্টর জে এ কাটজ তার বিখ্যাত বই 'দ্য সাইলেন্ট ওয়ার্ল্ড বিটুইন ডক্টর এন্ড পেশেন্ট'—এ মেডিকেল দর্শন সম্পর্কে লিখেছেন: ডাক্তাররা অনুভব করেন যে, তাদের মেডিকেল পেশার উদ্দেশ্য পূরণ করার জন্য তারা তাদের রোগীদের শারীরিক ও মানসিক রোগ নিরাময় করতে বাধ্য। তাদের রোগীদের সাথে পরামর্শ না করেই স্বাধীন সিদ্ধান্ত নেওয়া দরকার। রোগীরাও তাদের ডাক্তারদের সাথে সিদ্ধান্ত গ্রহণে ভূমিকা পালন করবেন, এমন ধারণা কখনই মেডিকেল চিকিৎসা নীতির অংশ ছিল না। এ বিষয়ে কোনো প্রকার বিদ্বেষ ছিল না। সবাই এক পয়েন্টে বিশ্বাসী ছিল: প্রতিটি রোগীকে সুস্থ হতে হবে। রোগীদের নিরাময়ের একটি সর্বজনীন এবং সঠিক উপায় রয়েছে। আপনি যদি এই পয়েন্টে বিশ্বাস করেন, তাহলে চিকিৎসা পরিকল্পনায় রোগীর সম্মতির প্রয়োজন

হওয়াটা বোধগম্য। গত ৫০ বছরে মেডিকেল স্কুলগুলো সূক্ষ্মভাবে মেডিকেল শিক্ষাব্যবস্থাকে রোগের চিকিৎসা থেকে রোগীদের চিকিৎসার দিকে সরিয়ে দিয়েছে। এর অর্থ হলো, চিকিৎসার পরিকল্পনার বিকল্প কিছু তৈরি করা এবং তারপর রোগীকে এগিয়ে যাওয়ার সেরা পথটি নির্ধারণ করতে দেওয়া।

এই প্রবণতাটি আংশিকভাবে রোগী-সুরক্ষা আইন দ্বারা নিয়ন্ত্রিত হয়, আংশিকভাবে মেডিকেল খাতে বিচার বিভাগের হস্তক্ষেপের মাধ্যমে নিয়ন্ত্রিত হয়।।

Katz লিখেছেন : এমন ব্যবস্থা খুবই বিপজ্জনক। কারণ শিল্প ও বিজ্ঞান অনুশীলনে উদ্যোক্তা এবং চিকিৎসকরা স্বাধীন না হলে, তারা

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

তাদের কাজ সৃজনশীল ও সঠিকভাবে সম্পাদন করতে পারবেন না। যে শেষ লাইনটি অনেক গুরুত্বপূর্ণ। চিকিত্সা একটি জটিল পেশা এবং চিকিৎসক ও রোগীদের মধ্যে মিথস্ক্রিয়াও অত্যন্ত জটিল। আপনি কি জানেন যে, চিকিৎসা পেশা এবং আর্থিক পরামর্শ প্রদানমূলক পেশা একই ধরনের? আপনাকে টাকা দিয়ে কী করতে হবে, তা আমি বলতে পারবো না, কারণ আমি আপনাকে চিনি না। আমি জানি না আপনি কি চান? আমি জানি না, আপনি কখন এটি চান? আমি জানি না, কেন আপনি এটি চান? তাই আমি আপনাকে বলতে যাচ্ছি না যে, আপনাকে টাকা দিয়ে কী করতে হবে?

আমি আপনাকে এমনভাবে অর্থনৈতিক পরামর্শ দিতে চাই না, যেভাবে একজন ডেন্টিস্ট ক্ল্যারেন্স হিউজের চিকিৎসা করেছেন।

ডাক্তার এবং রোগীদের নিজস্ব জ্ঞান আছে। তাদেরও মতভেদ আছে। তারা জানেন, তারা কী কাজ করছেন, এমনকি বর্তমানে রোগীরা তাদের জন্য কোনো চিকিৎসা পদ্ধতি সঠিক সে বিষয়েও সিদ্ধান্ত দেন।

আর্থিক উপদেষ্টারাও একই ধরনের কাজ করেন। অর্থের ব্যবহারসংক্রান্ত বিষয়ে কিছু সার্বজনীন সত্য নীতিমালা রয়েছে, এমনকি যদি মানুষেরা এই সত্য নীতিমালাগুলোকে তাদের নিজস্ব অর্থায়নে প্রয়োগ করতে চায়, তাহলেও তাদরকে বিভিন্ন সিদ্ধান্তে আসতে হবে।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

অধ্যায় ॥ ২০

স্বীকারোক্তি

স্যান্ডি গোটেসম্যান, একজন বিলিয়নিয়ার বিনিয়োগকারী, যিনি কনসালটেন্সি গ্রুপ ফাস্ট ম্যানহাটন প্রতিষ্ঠা করেন, তার বিনিয়োগ দলের প্রার্থীদের সাক্ষাৎকার নেওয়ার সময় একটি প্রশ্ন জিজ্ঞাসা করা হয়: আপনি কিসের মালিক এবং কেন?', কিংবা আপনি কি স্টক মার্কেটে বিনিয়োগ করা সস্তা বলে মনে করেন? কিংবা; কেন অর্থনীতিতে মহামন্দা হতে চলেছে? আপনি আপনার নিজের টাকা দিয়ে কী করেন, তা আমাকে দেখান।

আমি এই প্রশ্নগুলো পছন্দ করি, কারণ এগুলো হাইলাইট করে যে, আমরা প্রায়শই যা বুঝি, তার সাথে বাস্তবতার বিরাট পার্থক্য রয়েছেমানুষেরা আপনাকে তাই করার পরামর্শ দেন যা তাদের কাছে সঠিক বলে মনে হয় যা তারা আসলে করে থাকে। মর্নিং স্টারের মতে, মার্কিন মিউচুয়াল ফান্ড পোর্টফোলিও পরিচালকদের অর্ধেকও তাদের নিজস্ব অর্থের এক শতাংশও তাদের তহবিলে বিনিয়োগ করেন না। কিন্তু এ ধরনের জিনিস আপনি যা ভাবেন তার চেয়ে বেশি সাধারণ। USCএর মেডিসিন বিভাগের অধ্যাপক, ২০১১ সালে কীভাবে ডাক্তাররা মারা যান' শিরোনামে একটি প্রবন্ধ লিখেছিলেন, যেখানে দেখানো হয় যে, ডাক্তাররা তাদের রোগীদের জন্য সুপারিশকৃত চিকিৎসা পদ্ধতি থেকে। নিজের জন্য ভিন্নতর চিকিৎসা পদ্ধতি বেছে নেন।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

ডাক্তার আমাদের বাকিদের মতো মারা যাবেন না, তিনি। লিখেছেন। তাদের সম্পর্কে অস্বাভাবিক বিষয় হলো, বেশিরভাগ আমেরিকানদের তুলনায় তারা কতোটা বেশি চিকিৎসা সুবিধা পায় তা নয়; বরং তারা কতোটা কম চিকিৎসা সুবিধা পায়? অন্যের মৃত্যুকে প্রতিরোধ করার জন্য তারা যতোটা সময় ব্যয় করে, তারা নিজেরাই মৃত্যুর মুখোমুখি হলে ততোটা কম সময় পায়। তারা ঠিক কী ঘটতে চলেছে তা জানে।

একজন ডাক্তার তার রোগীর ক্যান্সারের ফলে রান্নাঘরের সিঙ্ক ফেলে দিতে বলবেন, কিন্তু নিজের জন্য এটিকে উপশমকারী উপকরণ হিসেবে বেছে নিতে পারেন। কেউ আপনাকে যা করার পরামর্শ দেয় এবং তার নিজের জন্য যা করে, তার মধ্যকার পার্থক্য সবসময় খারাপ নয়। এটি শুধুমাত্র প্রতীয়মান করে যে, জটিল এবং মানসিক সমস্যাগুলোর মোকাবিলা করার সময়; যা আপনাকে এবং আপনার পরিবারকে প্রভাবিত করে, চিকিৎসা পদ্ধতিসংক্রান্ত কোনো সঠিক উত্তর নেই। কোনো সার্বজনীন সত্য চিকিৎসা পদ্ধতি নেই। কিছু মৌলিক নীতিমালা আছে, যা অবশ্যই মেনে চলতে হবে—এটি অর্থনীতি এবং ওষুধের ক্ষেত্রে সত্য কিন্তু গুরুত্বপূর্ণ আর্থিক সিদ্ধান্তগুলো স্প্রেডশিটে কিংবা পাঠ্যপুস্তকে নেওয়া হয় না। এমন অর্থনৈতিক সিদ্ধান্তগুলো রাতের খাবার টেবিলে। গ্রহণ করা হয়। এগুলো প্রায়শই সর্বাধিক আয়ের অভিপ্রায়ে গ্রহণ করা হয় না।।

এই ধরনের জিনিসগুলোকে চার্ট কিংবা সূত্র আকারে সংক্ষিপ্ত করা। অনেক কঠিন; এগুলো ব্যক্তি থেকে ব্যক্তি ভেদে ব্যাপকভাবে পরিবর্তিত হয়। একজন ব্যক্তির জন্য যা ইতিবাচভাবে কাজ করে তা অন্যের জন্য কাজ নাও করতে পারে। আপনার জন্য কি ইতিবাচ ভাবে কাজ করে, তা আপনাকে খুঁজে বের করতে হবে। আমার জন্য কী ইতিবাচভাবে কাজ করে, তা আমাকে খুঁজে বের করতে হবে। আমার পরিবার কীভাবে সঞ্চয় সম্পর্কে চিন্তা করে, তা নিয়ে আমাকে ভাবতে হবে।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

চার্লি মুঙ্গের একদা মন্তব্য করেন যে আমি ধনী হওয়ার ইচ্ছা পোষণ করিনি। আমি শুধু স্বাধীন হতে চেয়েছিলাম। আমরা ধনী হওয়ার স্বপ্ন বাদ দিতে পারি, কিন্তু স্বাধীন হওয়ার স্বপ্ন বাদ দিতে পারি না। সর্বোচ্চ আয়ের পিছনে ছুটতে কিংবা সবচেয়ে বিলাসবহুল জীবনযাপন করতে আমার সম্পদের সঠিক ব্যবহার আমার কাছে খুব বেশি আগ্রহমূলক বিষয় নয়। আমি চাই প্রতিদিন আমার পরিবার-সন্তানদের নিয়ে নিয়মিত ঘুম থেকে জেগে উঠি। আমি আমার ইচ্ছে অনুপাতে স্বাধীনভাবে কাজ করতে চাই। আমার প্রতিটি আর্থিক সিদ্ধান্ত এই লক্ষ্যকে ঘিরেই আবর্তিত হয়। আমার বাবা-মা প্রাপ্তবয়স্কে বছর দুটি পর্যায়ে বেঁচেছিলেন : দরিদ্র এবং মাঝারি লেভেলে।

আমার বাবা যখন ৪০ বছর বয়সে একজন ডাক্তার হন, তখন ইতোমধ্যেই তার তিন সন্তান ছিল। আমার বাবা একজন ডাক্তার হিসেবে উপার্জন ও খরচের দিক থেকে মিতব্যয়ী ছিলেন। আমার বাবা স্বল্প পরিসরে স্বাধীনভাবে জীবন অতিবাহিত করেছেন। আমার বাবা ছিলেন একজন ইমার্জেন্সি রুমের ডাক্তার; আমি কল্পনা করতে পারি, এমন একটি সর্বোচ্চ চাপের পেশা, যেখানে রাত-দিন কঠোর ডিউটি পালন করতে হয়। দুই দশক পর তিনি সিদ্ধান্ত নেন যে, তার যথেষ্ট অর্থ উপার্জিত হয়েছে, তাই তিনি অবসর গ্রহণ করলেন। এর কিছুদিন পর তিনি মারা যান। তার জীবনের পরবর্তী পর্যায় এভাবেই কেটে যায়।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

পোস্টস্ক্রিপ্ট : মার্কিন ভোক্তাদের যেকোনো পণ্যের উপর প্রতিক্রিয়া জানানোর কারণগুলোর সংক্ষিপ্ত ইতিহাস; তারা পণ্যগুলোকে যেভাবে ভাবে/গ্রহণ করে।

আধুনিক ভোক্তার মনস্তত্ত্ব বোঝার জন্য এবং পরবর্তীতে কী হতে যাচ্ছে, তা বোঝার জন্য, আপনাকে জানতে হবে, পণ্যগুলো কীভাবে এখানে এসেছে? কীভাবে আমরা সবাই পণ্যগুলিকে এখানে পেয়েছি।

আপনি যদি ১৯৪৫ সালে ঘুমিয়ে পড়েন এবং ২০২০ সালে জেগে উঠেন, তাহলে আপনি আপনার চারপাশের বিশ্বকে চিনতে পারবেন

। সেই সময়কালে যে পরিমাণ অর্থনৈতিক প্রবৃদ্ধি ঘটেছে, তা কার্যত বর্তমানে নজিরবিহীন। আপনি যদি নিউইয়র্ক এবং সানফ্রান্সিসকো শহরের সম্পদের মাত্রা দেখেন, আপনি হতবাক হবেন। আপনি যদি এটিকে ডেট্রয়েটের দারিদ্র্য সূচকের সাথে তুলনা করেন, আপনি হতবাক হবেন। আপনি যদি বাড়ির দাম, কলেজের টিউশন এবং স্বাস্থ্যসেবা খাতগুলো দেখেন, আপনি হতবাক হবেন। আপনি যদি দেখেন যে, আমেরিকানরা সাধারণভাবে সঞ্চয় এবং ব্যয় বিষয়টিকে কীভাবে চিন্তা করে; আপনি হতবাক হবেন।

আপনি যদি এমনটি কীভাবে ঘটেছিল, তার একটি যুক্তিসংগত কারণ বর্ণনা করার কথা ভাবার চেষ্টা করেন, আমার অনুমান আপনি সম্পূর্ণ ভুল করবেন। কারণ এটি স্বজ্ঞাত নয় এবং এটি পূর্বাভাসযোগ্য ছিল না। দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হওয়ার পর থেকে আমেরিকায় যা ঘটেছে, তা আমেরিকান ভোক্তাদের গল্প; যে গল্পকে কার্যকারণ দ্বারা ব্যাখা করা যাবে না।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

গল্পটির সারমর্ম হলো : সম্পদগুলোর যোগান খুব অনিশ্চিত ছিল। তারপর সেগুলোর যোগান খুব ভালো ছিল—তারপর বেশ খারাপ ছিলতারপর সত্যিই ভালো ছিল—তারপর সত্যিই খারাপ ছিল এবং বর্তমানে আমরা মাঝামাঝি অবস্থানে রয়েছি। আমি মনে করি, এখানে একটি কার্যকারণ সম্পর্ক রয়েছে, যা এই সমস্ত ঘটনাকে একত্রিত করেছে। বিশদ বিবরণ নয়।

এখানে লক্ষ্য নাটকের প্রতিটি অধ্যায় বর্ণনা করা নয়; একটি খেলা পরেরটিকে কীভাবে প্রভাবিত করেছে, তা বর্ণনা করা। আধুনিক ভোক্তা বর্তমান অবস্থানে কীভাবে এসেছেন, তা দেখানো।

১. আগস্ট, ১৯৪৫। যখন দ্বিতীয় বিশ্ব যুদ্ধ শেষ হয়। নিউইয়র্ক টাইমস পত্রিকায় লেখা হয় হিটলারের আত্মসমর্পণ ছিল আমেরিকান ইতিহাসে সবচেয়ে আনন্দের দিন। কিন্তু প্রবাদ আছে, ইতিহাস একের পর এক জঘন্য জিনিস। যুদ্ধ সমাপ্তির আনন্দ দ্রুত এই প্রশ্নের সাথে মিলিত হয়ে যায়—এখন কী হবে? ষোলো মিলিয়ন আমেরিকান জনসংখ্যার ১১% যুদ্ধে অংশগ্রহণ করেছিল। প্রায় আট মিলিয়ন জনগণ শেষপর্যন্ত বিদেশেই অবস্থান করে। তাদের গড় বয়স ছিল ২৩ বছর।

১৮ মাসের মধ্যে, তাদের মধ্যকার ১.৫ মিলিয়ন জনগণ বাদে বাকি সবাই ইউনিফর্মের বাইরে থাকবে; বেকার থাকবে। তারপর কী হবে? তারা পরবর্তীতে কী করতে যাবে? তারা কোথায় কাজ করতে যাবে? তারা কোথায় বাস করতে যাবে? এগুলো ছিল তখনকার সময়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন,

এর দুটি কারণ রয়েছে।

এক, কেউ এমন প্রশ্নের উত্তর জানতো না।

দুই, যদি প্রশ্নগুলোর দ্রুত উত্তর দেওয়া না যায়, তাহলে সম্ভবত অনেক অর্থনীতিবিদদের দৃষ্টিতে—আমেরিকার অর্থনীতি আবারও গ্রেট ডিপ্রেশনে চলে যাবে।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

২. যুদ্ধের সময় তিনটি বাহিনী গড়ে উঠেছিল : এ সময়ে আবাসন নির্মাণ কাজ বন্ধ রাখা হয়।

কারণ কার্যত সমস্ত রাষ্ট্রীয় সম্পদ যুদ্ধের সরঞ্জাম সরবরাহ ও তৈরিতে ব্যবহার করা হয়। ১৯৪৩ সালের পর থেকে প্রতি মাসে গড়ে ১২,০০০টিরও কম বাড়ি নির্মাণ করা হয়। প্রত্যাবর্তনকারী সৈন্যরা তীব্র আবাসন সংকটের সম্মুখীন হয়। যুদ্ধের সময় সম্পাদিত কাজগুলো জাহাজ, ট্যাঙ্ক এবং প্লেন তৈরি করা যুদ্ধের পর আকস্মিকভাবে অপ্রয়োজনীয় হয়ে পড়ে। ব্যক্তিগত ব্যবসায় খুব কম গতি দেখা যায়। সৈন্যরা কোথায় কাজ করবে, তা স্পষ্ট ছিল না। | যুদ্ধের সময় এবং যুদ্ধ পরবর্তীতে বিবাহের হার বৃদ্ধি পায়। সৈন্যরা তাদের মায়ের বেসমেন্টে ফিরে যেতে চায়। তারা একটি ভালো চাকরি করে তাদের নিজেদের বাড়িতে একটি পারিবারিক জীবন শুরু করতে চায়।

নীতিনির্ধারণ করা বিষয়টি নিয়ে উদ্বিগ্ন, বিশেষ করে যেহেতু মহামন্দা তখনো কাটেনি; মাত্র পাঁচ বছর আগে শেষ হয়েছে। ১৯৪৬ সালে অর্থনৈতিক উপদেষ্টা পরিষদ প্রেসিডেন্ট ট্রুম্যানের নিকট আগামী এক থেকে চার বছরের মধ্যে করনীয় কার্যক্রমের একটি প্রতিবেদন দাখিল করে। ঐরম্যানের সাথে একটি সংক্ষিপ্ত বৈঠকের পর তারা ১৯৪৭ সালে একটি পৃথক মেমোতে লিখেছিল: আমরা হয়তো এমন এক ধরনের মন্দার সময়ে রয়েছি, যেখানে মন্দার ফলে আমাদের ইতিবাচক ও প্রাকৃতিক শক্তিগুলো হাত ছাড়া হয়ে যেতে পারে কিনা, সে সম্পর্কে আমাদের খুব নিশ্চিত হওয়া উচিত।

১৯৫০-এর দশকে পারিবারিক ঋণ ২০০০-এর দশকের ঋণ সারপ্লাসের তুলনায় ১.৫ গুণ দ্রুত বৃদ্ধি পেয়েছিল।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

Year	Total US Household Debt
1945	$29.4 billion
1955	$125.7 billion
1965	$331.2 billion

তিন. ক্রেডিট এবং ডেবিট পদ্ধতি ১৯৩০-এর দশকে অর্থনৈতিক সংকট মোকাবিলায় ইতিবাচক ভূমিকা পালন করেছে।

১৯৩০-এর দশক ছিল আমেরিকার ইতিহাসে সবচেয়ে কঠিন অর্থনৈতিক দশক। ফলে একটি রৌপ্য আস্তরণ প্রবর্তিত হয় যা প্রয়োজন অনুসারে, মহামন্দা, সম্পদ, উৎপাদনশীলতা এবং উদ্ভাবন ব্যবস্থাকে সুপারচার্জ করে।

আমরা ৩০-এর দশকে উৎপাদনশীলতার ইতিবাচক দিকে এতোটা মনোযোগ দিইনি, কারণ প্রত্যেকেই অর্থনীতি কতোটা খারাপ ছিল, তার উপর দৃষ্টি নিবদ্ধ করে। আমরা ৪০-এর দশকে উৎপাদনশীলতার ইতিবাচক দিকে মনোযোগ দিইনি, কারণ সবাই যুদ্ধের দিকে মনোনিবেশ করেছিল।

তারপরে-১৯৫০-এর দশক আসে এবং আমরা হঠাৎ বুঝতে পারি, 'বাহ, আমাদের কিছু আশ্চর্যজনক নতুন আবিষ্কার রয়েছে। আমরা এগুলো তৈরি করতে সত্যিই অত্যন্ত দক্ষ।' যন্ত্রপাতি, গাড়ি, ফোন, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র , বিদ্যুৎ। যুদ্ধের সময় অনেক গৃহস্থালি পণ্য ক্রয় করা প্রায় অসম্ভব ছিল, কারণ কারখানাগুলোকে বন্দুক এবং জাহাজ তৈরিতে রূপান্তরিত করা হয়।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

যুদ্ধ শেষ হওয়ার পর জিনিসপত্রের চাহিদা ও দাম বৃদ্ধি পায়। বিবাহিত নতুন দম্পতিরা এমনভাবে কেনাকাটা শুরু করে, যেন তাদের অন্তিম সময় ঘনিয়ে আসছে।

' ফ্রেডরিক লুইস অ্যালেন তার 'দ্য বিগ চেঞ্জ' বইতে লিখেছেন : এই যুদ্ধোত্তর বছরগুলোতে একজন কৃষক একটি নতুন ট্রাক্টর, একজন ভুনা চাষকারী একটি নতুন বৈদ্যুতিক মিল্কিং মেশিন ক্রয় করেন; তারা খামার ব্যবস্থাপনার প্রবর্তন করেন। কৃষকের স্ত্রী একটি চকচকে সাদা বৈদ্যুতিক রেফ্রিজারেটর পান, যা তিনি সর্বদা চেয়েছিলেন। তবে, মহামন্দার সময় কখনো এমন পরিবারগুলো এমন বৈদ্যুতিক আসবাবপত্র ক্রয় করতে সক্ষম হয়নি। তারা আপ-টু-ডেট ওয়াশিং মেশিন এবং ডিপফ্রিজ ইউনিট ক্রয় করতে পারেনি। তবে, শহরতলির পরিবারগুলী আপ-টু-ডেট ওয়াশিং মেশিন এবং ডিপ-ফ্রিজ ইউনিট ক্রয় করতে সক্ষম হয়। তারা পাওয়ার লনমাওয়ারে বিনিয়োগ করতে সক্ষম ছিল। শহরের পরিবারগুলো লড্রোম্যাটের গ্রাহক হয় এবং তারা তাদের বসার ঘরের জন্য একটি টেলিভিশন সেট ক্রয় করতে সক্ষম হয়। তাদের অফিস শীতাতপ নিয়ন্ত্রিত ছিল। গ্রাম এবং শহরের ভোক্তাদের ক্রয় ক্ষমতার পার্থক্যগত এই ঢেউ কতোটা বড় ছিল, তা বোঝানো অনেক কঠিন। বাণিজ্যিক গাড়ি এবং ট্রাক উৎপাদন কার্যত ১৯৪২ সাল থেকে ১৯৪৫ সাল পর্যন্ত বন্ধ হয়ে যায়।

তারপর, ১৯৪৫ সাল থেকে ১৯৪৯ সাল পর্যন্ত ২১ মিলিয়ন গাড়ি তৈরি ও বিক্রি করা হয়। ১৯৫৫ সাল নাগাদ আরো ৩৭ মিলিয়ন গাড়ি তৈরি ও বিক্রি করা হয়। ১৯৪০ সাল থেকে ১৯৪৫ সাল পর্যন্ত দুই মিলিয়নেরও কম বাড়ি তৈরি করা হয়। তারপর, ১৯৪৫ সাল থেকে ১৯৫০ সাল পর্যন্ত ৭ মিলিয়ন গাড়ি তৈরি করা হয়।

১৯৫৫ সালের মধ্যে আরো ৮ মিলিয়ন বাড়ি নির্মিত হয়। জিনিসপত্রের যোগানের জন্য চাহিদা মোতাবেক নতুন কোম্পানি গঠন করা হয়। নতুন জিনিস তৈরি করার সক্ষমতা নবগঠিত কোম্পানিগুলো

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

নতুন করে চাকরির বাজার তৈরি করে, যা যুদ্ধ থেকে ফিরে আসা সৈনিকদের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে।

ফেডারেল রিজার্ভ ব্যাংক কর্তৃপক্ষ ১৯৫১ সালে রাষ্ট্রপতি ট্রুম্যানকে উদ্দেশ্য করে লিখেছিল: ১৯৫০ সাল নাগাদ, আবাসিক গৃহ নির্মাণসহ মোট ভোক্তাদের ব্যয়ের পরিমাণ প্রায় ২০৩ বিলিয়ন ডলার, যা ১৯৪৪ সালের ব্যয়ের স্তরের তুলনায় ৪০ শতাংশেরও বেশি।

মস্ত সৌনিকরা যুদ্ধের পর কী করতে চলেছে? এমন প্রশ্নের উত্তর তখন স্পষ্ট হয়। তারা অতিরিক্ত হারে পারিবারিক জিনিসপত্র ক্রয় করবে। তাদের চাকরি থেকে অর্জিত অর্থ দিয়ে তারা নতুন জিনিস-পত্র ক্রয় করবে। তারা আরো বেশি জিনিসপত্র ক্রয় করার জন্য স্বল্প সুদে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করবে; এতে অর্থনীতির চাকা সচল হবে।

৪. উদ্যোক্তাদের মাঝে ডিভিডেন্ড আগের চেয়ে আরো বেশি সমানুপাতিক হারে বন্টিত হয়। ১৯৫০-এর দশকে অর্থনীতির সংজ্ঞায়িত বৈশিষ্ট্য হলো এই যে, দেশটি দরিদ্রদেরকে আরো দরিদ্র করেছে এবং ধনীদেরকে আরো ধনী করেছে। ১৯৪০ সাল থেকে ১৯৪৮ সাল পর্যন্ত গড় মজুরি দ্বিগুণ হয়েছে, তারপর ১৯৬৩ সালের মধ্যে আরো দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে। ধনী-গরিবের মধ্যকার ব্যবধান অস্বাভাবিক হারে প্রসারিত হয়েছে।

৫. লুইস অ্যালেন ১৯৫৫ সালে লিখেছেন : অর্থনৈতিকভাবে আমেরিকার বেকারত্ব হার যথেষ্ট হ্রাস পেয়েছে। শিল্প-কলকারখানার শ্রমিকরা পূর্বের তুলনায় অধিক অর্থ উপার্জন করতে সক্ষম হয়েছেযেমন একটি ইস্পাত কারখানার শ্রমিকের যে পরিবার আগে বাৎসরিক ৮ ২,৫০০ অর্থ উপার্জন করতো, সেই পরিবার এখন বছরে ৮ ৪,৫০০ পরিমাণ অর্থ উপার্জন করছে। কারখানার উচ্চ দক্ষতাসম্পন্ন মেশিনটুল অপারেটর শ্রমিকের যেই পরিবার আগে বাত্সরিক ৮ ৩,০০০ অর্থ উপার্জন করতো সেই পরিবার এখন বছরে ৮ ৫,৫০০ পরিমাণ অর্থ কিংবা তারও বেশি পরিমাণ অর্থ খরচ করতে পারেন। এদের মধ্যে শীর্ষ এক শতাংশ শ্রেণি রয়েছে, যারা সত্যিকার অর্থে সচ্ছল এবং ধনী, যারা

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

বছরে মোটামুটি ১৬,০০০ পরিমাণ অর্থ উপার্জন কিংবা তারও বেশি পরিমাণ অর্থ উপার্জন করতে সক্ষম। এখন কিছু জিনিস ক্রয় করে মজুদ রাখার উপযুক্ত সময়, কারণ এগুলোর চাহিদা ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাবে: আমেরিকা প্রবৃদ্ধি অর্জন করছে। পূর্বে আমেরিকার অর্থনীতি কখনো এতোটা বিস্তৃত হয়নি। যদিও বিভিন্ন কোম্পানির ঋণের পরিমান দিন দিন বৃদ্ধি পাচ্ছে, তথাপি এখনো এমন ঋণের পরিমাণ তাদের আয়ের তুলনায় অনেক কম। বর্তমানে আমেরিকার অর্থনীতিতে এটি একটি সংস্কৃতিতে পরিণত হয়েছে যে, ঋণ সত্যিকার অর্থে কোনো ভীতিকর জিনিস নয়।।

৬. ১৯৭৩ সালই প্রথম বছর যখন এটি স্পষ্ট হয়ে ওঠে যে, আমেরিকার অর্থনীতি একটি নতুন দিগন্তে হাঁটতে শুরু করেছে। সেই বছর শুরু হওয়া মন্দা ও বেকারত্বের হার ১৯৩০-এর দশকের পর থেকে সৃষ্ট মন্দা ও বেকারত্বের হারের তুলনায় সর্বোচ্চে ছিল। অর্থের মুদ্রাস্ফীতি বৃদ্ধি পায়। কিন্তু যুদ্ধ-পরবর্তী সময়েও আমেরিকাতে এতোটা মুদ্রাস্ফীতি ছিল না। স্বল্পমেয়াদি ঋণের উপর সুদের হার ১৯৭৩ সালে ৮% ছিল, যা এক দশক আগে ২% ছিল—তারপর ৫% ছিল। ভিয়েতনাম যুদ্ধ, আমেরিকান সিভিল ওয়ার এবং মার্টিন লুথার কিং, ববি কেনেডির হত্যাকাণ্ডের সময়কালেও সুদের হার এতো বেশি ছিল না। এটি ছিল আমেরিকার অর্থনীতির অন্ধকার যুগ। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর প্রায় দুই দশক ধরে বিশ্ব অর্থনীতিতে আমেরিকার আধিপত্য ছিল। অনেক বড় বড় ক্ষমতাধর দেশের উৎপাদন ক্ষমতা ধ্বংসস্তুপে পরিণত হয়। কিন্তু ১৯৭০-এর দশকের আবির্ভাবের সাথে সাথে এটি পরিবর্তিত হয়। চীনের অর্থনীতি বিশ্ব বাজারে উন্মুক্ত হয়। মধ্যপ্রাচ্য তেল রপ্তানি করে স্বাবলম্বী হয়।

একটি নতুন প্রজন্ম অর্থনীতির এমন স্বাভাবিক আঘাতের বিষয়টিকে ভিন্ন দৃষ্টি থেকে দেখে। তারা নৈরাশ্যবাদী অর্থনীতিবিদদের দলভুক্ত। জীবনধারা এবং ভোগ-বিলাসিতায় সমতা; আমেরিকান অর্থনীতিবিদদের

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

ধারণা যে, পরিবারের ৫০% সদস্য অর্থ উপার্জন করছেন, এমন পরিবারের উচিত হবে না ৮০% কিংবা ৯০% সদস্য অর্থ উপার্জন করছেন, এমন পরিবারের তুলনায় নাটকীয়ভাবে আলাদা বিলাসবহুল জীবনযাপন করা। বর্তমানে আমেরিকাতে, ৯৯% সদস্য অর্থ উপার্জন করছেন, এমন পরিবার তুলনামূলকভাবে ভালো জীবনযাপন করলেও ৫০% সদস্য অর্থ উপার্জন করছেন, এমন পরিবারের তুলনায় তারা জীবনকে ভালোভাবে অনুধাবন করার সুযোগ পান না। ১৯৪৫-১৯৮০ সালের সময়কালে বেশিরভাগ সময় আমেরিকার অর্থনৈতিক ব্যবস্থা এমন ছিল। আপনি এটিকে নৈতিকভাবে সঠিক কিংবা ভুল যাই, মনে করেন

কেন: তা বিবেচ্য নয়। শুধু গুরুত্বপূর্ণ ব্যাপার হলো, আমেরিকার অর্থনৈতিতে সত্যিকার অর্থে এমনটাই ঘটেছে।

আমাদের প্রত্যাশা সর্বদা সত্যের/বাস্তবতার তুলনায় ধীরগতিতে চলে।

১৯৭০-এর দশকের শুরু থেকে ২০০০-এর দশকের গোড়ার দিকের বছরগুলোর অর্থনৈতিক সমীক্ষা থেকে প্রতীয়মান হয় যে, আমেরিকার অর্থনীতিতে প্রবৃদ্ধি অব্যাহত ছিল। কিন্তু মানুষের জীবনধারার তারতম্য আরো অসম হয়ে উঠে। তবুও একজন ব্যক্তির জীবনধারাকে তার সহকর্মীর জীবনধারার সাথে কীভাবে তুলনা করা উচিত, সে সম্পর্কে মানুষের প্রত্যাশা পরিবর্তিত হয়নি।

৭. আমেরিকার অর্থনৈতিক ব্যবস্থাপনার বুষ্ট-আপ আবারও শুরু হয়েছে, কিন্তু এটি পূর্বের তুলনায় সম্পূর্ণ আলাদা। রোনাল্ড রিগ্যান ১৯৮৪ সালে আমেরিকার জন্য সকাল বিনির্মাণ শিরোনামে প্রচারণামূলক বিজ্ঞাপনে ঘোষণা দেন যে, আমেরিকাতে আবারও সকাল হয়েছে। আমাদের দেশের ইতিহাসে আজকের দিনে আমেরিকার সবচেয়ে বেশি নারী-পুরুষ কল-কারখানায় কাজ করতে যায়।

১৯৮০ সালের তুলনায় প্রায় দ্বিগুণ সুদের হারে—আজকে প্রায় ২,০০০ আমেরিকান পরিবার নতুন বাড়ি কিনবে, যা গত চার দশকের

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

সুদের হারের তুলনায় অনেক বেশি। আজ বিকেলে, হ্যা আজ বিকেলেই ৬,৫০০ জন আমেরিকান যুবক-যুবতীর বিয়ে হবে। মাত্র চার বছর আগে বিদ্যমান মুদ্রাস্ফীতির হার বর্তমানে অর্ধেকেরও কম হলে, তারা ভবিষ্যৎ প্রজন্মের জন্য আত্মবিশ্বাসের সাথে অপেক্ষা করতে পারবে। এটা আমেরিকান অর্থনীতির হাইপারবোল জিডিপি প্রবৃদ্ধি।

আমেরিকার জিডিপি প্রবৃদ্ধির হার ১৯৫০-এর দশকে সর্বোচ্চ ছিল। ১৯৮৯ সাল নাগাদ বর্তমানের তুলনায় ৬ মিলিয়ন আমেরিকান কম বেকার ছিল। ১৯৮২ এবং ১৯৯০-এর মধ্যে আমেরিকার জিডিপি প্রায় চারগুণ বেড়েছে।

১৯৯০-এর দশকে মোট প্রকৃত জিডিপি প্রবৃদ্ধি ১৯৫০-এর দশকের তুলনায় প্রায় ৪০% বনাম ৪২%-এর সমান ছিল।

প্রেসিডেন্ট ক্লিনটন ২০০০ সালে স্টেট অফ দ্য ইউনিয়ন ভাষণে গর্ব করে বলেন : আমরা ২০ মিলিয়নেরও বেশি নাগরিকরেদকে নতুন চাকরি দিয়ে নতুন শতাব্দীর সূচনা করেছি; ৩০ বছরেরও বেশি সময়ব্যাপী দ্রুততম অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করেছি; ৩০ বছরের মধ্যে সর্বনিম্ন বেকারত্বের হার অর্জন করেছি; ২০ বছরের মধ্যে সর্বনিম্ন দরিদ্রতার হার অর্জন করেছি; রেকর্ড মোতাবেক সর্বনিম্ন আফ্রিকান আমেরিকান এবং হিস্পানিক নাগরিকদের বেকারত্বের হার অর্জন করেছি; ৪২ বছর ধরে প্রাথমিক লেভেলে ব্যাক-টু-ব্যাক উদ্বৃত্ত অর্জন করেছি।

একটি সময়ে যখন মাধ্যমিক লেভেলের চাকরির মজুরি সমতল ছিল; তখন মধ্যম আয়ের আমেরিকান পরিবারগুলোর বাড়ির সংখ্যা এবং আয়তন ৫০% হারে বৃদ্ধি পেয়েছে। গড়ে নতুন করে নির্মিত আমেরিকান বাড়িগুলোতে এখন বাড়ির বাসিন্দাদের তুলনায় বাথরুম বেশি রয়েছে। প্রায় প্রতি একজনের জন্য চারটি কিংবা তারও বেশি বেডরুম রয়েছে। যা ১৯৮৩ সালের তুলনায় ১৮% এরও বেশি। ১৯৭৫ সাল থেকে ২০০৩ সালের মধ্যবর্তীতে মুদ্রাস্ফীতির ফলে, গড়ে গাড়ি ক্রয় করার ঋণ দ্বিগুণেরও বেশি হয়েছে; ১২,৩০০ মূল্য থেকে বর্তমানে ২৭,৯০০ মূল্যে উপনীত হয়েছে।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

আপনি জানেন, কলেজের টিউশন ফি এবং স্টুডেন্ট ঋণের ক্ষেত্রে কী ঘটেছে। ১৯৬৩ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত স্টুডেন্ট ঋণের হার। পারিবারিক ঋণের তুলনায় প্রায় ৪/১% ছিল। তারপর ১৯৭৩ সালের পর থেকে পারিবারিক ঋণের হার প্রায় ৬০% বৃদ্ধি পায় এবং ২০০৭ সালের মধ্যে পারিবারিক ও স্টুডেন্ট ঋণের হার ১৩০%-এর ও বেশি হয়েছে। এমনকি ১৯৮০-এর দশকের শুরু থেকে ২০২০ সাল পর্যন্ত সুদের হার হ্রাস পেলেও ঋণ সেবা পেমেন্টের শতাংশ বৃদ্ধি পেয়েছে। এটি নিম-আয়ের জন গোষ্ঠীদের জন্য অত্যন্ত তির্যক ছিল।

অর্থনীতিবিদ হাইম্যান মিনস্কি ঋণ সংকটের সূচনাকে এভাবে বর্ণনা করেছেন : ঋণ সংকটের সূচনা হয় সেই মুহূর্ত থেকে, যখন মানুষেরা সেবা গ্রহণের তুলনায় বেশি হারে ঋণ গ্রহণ করে।

গত ২০ বছরে ইনকাম ট্যাক্স আরোপের বিষয়টি উচ্চ আয়ের মানুষদের ক্ষেত্রে সীমাবদ্ধ হয়ে গেছে। উচ্চ আয়ের মানুষেরা তাদের বাচ্চাদের সেরা কলেজে পাঠায়। ফলে এই বাচ্চারা অধিক অর্থ উপার্জন করতে এবং কর্পোরেট ঋণে বিনিয়োগ করতে সক্ষম হয়।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

https://www.youtube.com/c/Audifeel_Purab_Das

১৯৮০ সালের শুরুর দিকে যে গুরুত্বপূর্ণ ঘটনাটি ঘটেছে, তা লক্ষণীয় : আমেরিকান অর্থনীতি কিছু মুষ্টিমেয় মানুষের জন্য অন্যদের তুলনায় ইতিবাচকভাবে কাজ করেছে। সফলতা এখন আর আগের মতো মেধার মাধ্যমে অর্জিত হয় না, বরং রাজনীতি আর লবিস্টের মাধ্যমে এখন সফলতা নির্ধারিত হয়। তবে, সত্যিকারের প্রতিভাবানদেরকে কখনো দমন করা যায় না। তারা যেকোনো উপায়ে তাদের প্রত্যাশিত সফলতা অর্জন করে নেয়।

আপনি ট্রাম্পের উত্থানকে শুধুমাত্র আমেরিকান নাগরিকদের আয়বৈষম্যের দৃষ্টিকোন থেকে উপহাস করতে পারেন। আপনার উচিত, বিষয়টিকে কেবলমাত্র এমন দৃষ্টিকোণ থেকে দেখা। এই বিষয়গুলো সর্বদা অর্থনৈতিক সমীক্ষার জটিলতর ফলাফল। তবে, আমেরিকান। নাগরিকদের মাথায় সর্বদা একটি প্রশ্ন ঘুরপাক খায়—'আমি যে বিশ্বের প্রত্যাশা করেছি, আমি কি সেই বিশ্বে বসবাস করছি?

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।

প্রাপ্তি স্বীকার

সমস্ত বইয়ের মতোই, 'দ্য সাইকোলজি অফ মানি' বইটি লেখার ক্ষেত্রে অগণিত মানুষের সাহায্য-সহযোগিতা রয়েছে, যাদের সহযোগিতা ব্যতীত বইটি লেখা সম্ভব হতো না। তাদের সবার তালিকা তৈরি করা প্রায় অসম্ভব। তবে, কয়েকজন যারা বিশেষভাবে সমর্থন ও সহযোগিতা করেছেন তাদের মধ্যে ব্রায়ান রিচার্ডস, ক্রেগ শাপিরো অন্যতম। | গ্রেচেন হাউসেল, যার অটুট সমর্থন ছিল। জে এনা আবডু, যেকোনো বিনিময় ছাড়াই আমাকে সাহায্য করেছে।

ক্রেগ পিয়ার্স, যে আমাকে উৎসাহিত করেছে, গাইড করেছে এবং বইটির ভিত্তিগত আইডিয়া শেয়ার করেছে।

জে এমি কেথারউড, জে শা ব্রাউন, বিয়েন্ট বিশোরি, বেরি রিথোলটি, বেন কার্লসন, ক্রিস হিল, মাইকেল বেটানিক জে এমিস ওসরনি, যাদের বইটির উপর প্রদত্ত ফিডবেক অমূল্য ছিল।

-ধন্যবাদ।

Audifeel™ এর অনুমতি ব্যাতিত 'দ্য সাইকোলজি অফ মানি' এই বইয়ের আংশিক বা হুবুহু মুদ্রণ / কপি প্রকাশিত করা বা Pdf File অনলাইনে Share করা দণ্ডনীয় অপরাধ।